# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 16 April, 2025

বিচার বিভাগের জন্য দ্রুতই পৃথক সচিবালয় বাস্তবায়ন হবে বলে জানিয়েছেন প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ।

আজ বুধবার সকালে সুপ্রিম কোর্ট রিপোর্টার্স ফোরাম (এলআরএফ) কার্যালয় পরিদর্শনে গিয়ে তিনি এ কথা জানান।

এ বিষয়ে এখন সবদিক থেকে যাচাইবাছাই চলছে জানিয়ে প্রধান বিচারপতি বলেন, ‘যেসব প্রস্তাব দেওয়া হয়েছে তা নিয়ে কাজ চলছে।

দ্রুতই এটি চূড়ান্ত রূপ পাবে বলে আশা প্রকাশ করেন তিনি।

ড. সৈয়দ রেফাত আহমেদ আরও বলেন, ‘কোনো সাংবিধানিক বাধ্যবাধকতা আছে কি না তা বের করে দূরীকরণেরও কাজ চলছে।

প্রধান বিচারপতি স্বাধীন বিচারবিভাগ প্রতিষ্ঠা করতে আইনজীবী ও সাংবাদিকদের সহায়তাও কামনা করেন।

এদিন ব্রাকের সহায়তায় সুপ্রীমকোর্ট প্রাঙ্গনে বিচারপ্রার্থীদের জন্য নির্মিত বেশ কিছু অবকাঠামো উদ্বোধন শেষে এলআরএফ কার্যালয়ে আসেন তিনি।এসব উপস্থিত ছিলেন সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেলসহ অন্যান্য কর্মকর্তারা।

এ সময় প্রধান বিচারপতি আইনজীবীদের নানা অসুবিধার কথা শোনেন ও সমাধানের আশ্বাস দেন। হাইকোর্টের নানা উন্নয়নমূলক অবকাঠামোও পরিদর্শন করেন তিনি।

সুপ্রিম কোর্ট বিচার বিভাগ প্রধান বিচারপতি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 02:40

URL: https://www.timestodaybd.com/bangladesh/898775807